**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯১/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ৮ নভেম্বর ২০১৭, ২৪ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা সঙ্কটে সহায়তা চাই : সিপিএ প্রতিনিধিদের সম্মানে নৈশভোজে রাষ্ট্রপতি

২। রাষ্ট্রপতি খুলনা যাচ্ছেন আজ : কমিশনিং করবেন নৌবাহিনীর দুটি যুদ্ধজাহাজ

৩। একনেকে চামড়া শিল্পনগরীসহ আট প্রকল্প অনুমোদন

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে সিপিএ প্রতিনিধিদলের সাক্ষাৎ

৫। শ্রমিকদের আবাসন সমস্যা নিরসনের নির্দেশ প্রধানমন্ত্রীর

৬। রোহিঙ্গা সংকট সমাধানে দ্রুত পদক্ষেপ নেয়ার আহ্বান : সিপিএ সম্মেলন সমাপ্ত

৭। চার মাসে এডিপি বাস্তবায়ন ১৪ দশমিক ৫৩ শতাংশ : পরিকল্পনামন্ত্রী

৮। চীন ও বাংলাদেশের সমৃদ্ধির পথসঙ্গী গণমাধ্যম : তথ্যমন্ত্রী

৯। দেশে নারীবান্ধব সমাজ ব্যবস্থা গড়ে তুলতে হবে : নৌ-পরিবহণমন্ত্রী

১০। সাংবাদিকদের মানবতার কল্যাণে কাজ করতে হবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

১১। শেষ হলো আয়কর মেলা : রেকর্ড ২২১৭ কোটি ৩৩ লাখ টাকা সংগ্রহ
আজ 'কর বাহাদুর' সম্মাননা পাচ্ছেন ৮৪ পরিবার

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা সঙ্কটে সহায়তা চাই : সিপিএ প্রতিনিধিদের সম্মানে নৈশভোজে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ রোহিঙ্গা সঙ্কট সমাধানে রাজনৈতিক ও মানবিক সমর্থন অব্যাহত রাখতে আবারও বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) বঙ্গভবনে এক নৈশভোজে ভাষণ প্রদানকালে তিনি বলেন, আমাদের সরকার মানবিক কারণে ১০ লাখ বাস্তুচ্যুত রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছে। রোহিঙ্গারা বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়েছে। এতে বাংলাদেশ সরাসরি ক্ষতিগ্রস্ত হচ্ছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং স্পিকার ও বিদায়ী সিপিএ চেয়ারপার্সন ড. শিরীন শারমিন চৌধুরী উপস্থিত ছিলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** ( পৃ.৩,ক.২)।

২। **রাষ্ট্রপতি খুলনা যাচ্ছেন আজ : কমিশনিং করবেন নৌবাহিনীর দুটি যুদ্ধজাহাজ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ আজ খুলনা যাচ্ছেন। তিনি বেলা সাড়ে ১১টায় খুলনা মহানগরীর খালিশপুর এলাকায় অবস্থিত তিতুমীর নৌঘাঁটিতে নৌবাহিনীর দু'টি যুদ্ধজাহাজ কমিশনিং করবেন। একই সঙ্গে সাবমেরিন চলাচলে সহায়তা করার জন্য নবনির্মিত দু'টি টাগবোটও কমিশনিং করবেন রাষ্ট্রপতি। এগুলো নির্মাণ করেছে নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত শিল্প প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড। যুদ্ধজাহাজ দু'টির নামকরণ করা হয়েছে বিএনএস দুর্গম ও বিএনএস নিশান। টাগবোট দুইটি হচ্ছে বিএনটি হালদা ও বিএনটি পশুর। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** ( পৃ.২,ক.১)।

৩। **একনেকে চামড়া শিল্পনগরীসহ আট প্রকল্প অনুমোদন**

ঢাকার হাজারীবাগ থেকে ট্যানারি শিল্পগুলো সাভারে স্থানান্তরে ‘চামড়া শিল্পনগরী, ঢাকা (৩য় সংশোধিত)’ প্রকল্পসহ মোট আট প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৪ হাজার ৯৭৯ কোটি ৩৫ লাখ টাকা। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এ প্রকল্পগুলোর অনুমোদন দেয়া হয়। পরিবেশসম্মত উপায়ে চামড়া শিল্পনগরী গড়ে তোলার লক্ষ্যে পুরান ঢাকার হাজারীবাগ থেকে ট্যানারি স্থানান্তরের মেয়াদ আরও দুই বছর সময় বাড়িয়ে তৃতীয়বারের মতো এ সংক্রান্ত প্রকল্পে সংশোধনী এনেছে সরকার। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** ( পৃ.১,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে সিপিএ প্রতিনিধিদলের সাক্ষাৎ**

কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশনের (সিপিএ) একটি প্রতিনিধিদল গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সে যোগদানে প্রতিনিধি দলটি বর্তমানে ঢাকা অবস্থান করছেন। গত ১ নভেম্বর এ সম্মেলন শুরু হয়। প্রধানমন্ত্রী গণভবনে অতিথিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং সিপিএ সম্মেলনে যোগদানের জন্য তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি সিপিএ'র নবনির্বাচিত চেয়ারপার্সন ও ক্যামেরুন ন্যাশনাল পার্লামেন্টের ডেপুটি স্পিকার ইমিলিয়া মনজোরা লিফাঙ্কার সঙ্গেও কথা বলেন। নবনির্বাচিত সিপিএ চেয়ারপার্সনকে অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দায়িত্ব পালনে তার সার্বিক সাফল্য কামনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)। **ইত্তেফাক, জনকণ্ঠ, যুগান্তর, প্রথম আলো, ডেইলি সান, অবজারভার, ফিনানশিয়াল এক্সপ্রেস**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৫। **শ্রমিকদের আবাসন সমস্যা নিরসনের নির্দেশ প্রধানমন্ত্রীর**

সাভারের চামড়া শিল্পনগরীতে শ্রমিকদের আবাসন সমস্যা নিরসনে নতুন প্রকল্প গ্রহণের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেইসাথে দ্রুত বর্জ্য শোধনাগার চালুর জন্যও প্রয়োজনীয় দিক নির্দেশনা দিয়েছেন তিনি। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক)

বৈঠকশেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ তথ্য জানান। পরিকল্পনামন্ত্রী বলেন, ব্যয় না বাড়িয়ে চামড়া শিল্পনগরী স্থাপন প্রকল্পের মেয়াদ ২০১৯ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ খাতে এগিয়ে আসতে দেশি-



বিদেশি বিনিয়োগকারীদের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। সরকার যে একশটি অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলছে এর মধ্যে চামড়া শিল্পের জন্য একটি অঞ্চল করার বিষয়েও তিনি নির্দেশনা দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

**৬। রোহিঙ্গা সংকট সমাধানে দ্রুত পদক্ষেপ নেয়ার আহ্বান : সিপিএ সম্মেলন সমাপ্ত**

রোহিঙ্গাদের ওপর মিয়ানমার সেনাবাহিনীর চলমান নির্যাতন ও নিধনযজ্ঞের নিন্দা জানিয়ে রোহিঙ্গা সংকটের দ্রুত সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়কে জরুরি ভিত্তিতে কার্যকর পদক্ষেপ নেয়ার আহ্বান জানিয়েছে কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন (সিপিএ)। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সের (সিপিসি-২০১৭) সমাপনী দিনে দেয়া এক বিবৃতিতে এই আহ্বান জানানো হয়। সিপিএ চেয়ারপার্সন ও জাতীয় সংসদের স্পিকার সম্মেলনে সভাপতিত্ব করেন। সম্মেলনশেষে তিনি বলেন, সফলভাবে সিপিএ সম্মেলন আয়োজনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের গণতান্ত্রিক ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়েছে। রোহিঙ্গা ইস্যুটি কমনওয়েলথভুক্ত সব দেশের সংসদ সদস্যরা সমর্থন করেছেন। এতে বাংলাদেশের মানবিকতার প্রতি বিশ্ববাসীর দৃষ্টি জোরালো এবং রোহিঙ্গা সমস্যা সমাধানের পথ আরও সুগম হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৭। চার মাসে এডিপি বাস্তবায়ন ১৪ দশমিক ৫৩ শতাংশ : পরিকল্পনামন্ত্রী**

চলতি অর্থবছরের প্রথম চার মাসে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ১৪ দশমিক ৫৩ শতাংশ বাস্তবায়ন করা হয়েছে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। টাকার অঙ্কে এর পরিমাণ ২৩ হাজার ৮৩৫ কোটি টাকা। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) শেরেবাংলা নগরে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভাপরবর্তী এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **যুগান্তর** (পৃ.১৫,ক.২)।

**৮। চীন ও বাংলাদেশের সমৃদ্ধির পথসঙ্গী গণমাধ্যম : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, চীন ও বাংলাদেশের দারিদ্র্য উচ্ছেদের সংগ্রাম ও সমৃদ্ধি অর্জনের পথে সহায়ক শক্তির ভূমিকা রাখছে গণমাধ্যম। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) চীন আন্তর্জাতিক বেতার (চায়না রেডিও ইন্টারন্যাশনাল-সিআরআই) ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের যৌথ আয়োজনে জাদুঘর হলরুমে 'চীনা ও বাংলাদেশিদের ক্যামেরায় সুন্দর মুহূর্ত' শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী এবং 'চীনা চলচ্চিত্র সপ্তাহ' উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৪)।

**৯। দেশে নারীবান্ধব সমাজ ব্যবস্থা গড়ে তুলতে হবে : নৌ-পরিবহণমন্ত্রী**

নৌ-পরিবহণ মন্ত্রী শাজাহান খান বলেছেন, দেশে নারীবান্ধব সমাজ ব্যবস্থা গড়ে তুলতে হবে। নারীরা ডিসি,এসপি হচ্ছেন। এমনকি রাস্তায় গাড়ি পর্যন্ত চালাচ্ছেন। সর্ব ক্ষেত্রেই নারীদের পদচারণা রয়েছে। ৮ জন নারী জাহাজে নাবিক হিসেবে নিয়োগ পেয়েছেন। ভবিষ্যতে এই পদে অর্ধেক নারী নিয়োগ দেওয়া হবে। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) নৌ-পরিবহণ মন্ত্রী শাজাহান খান ঢাকায় ব্র্যাক সেন্টারে 'ট্রেড ইউনিয়নের সার্বিক উন্নয়নে নারী-পুরুষ সমতার উপায় চিহ্নিতকরণ' শীর্ষক একটি গবেষণা প্রতিবেদনের ওপর মতবিনিময় সভায় এসব কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

**১০। সাংবাদিকদের মানবতার কল্যাণে কাজ করতে হবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

রাজনীতিবিদদের মতো সাংবাদিকরাও সমাজ, রাষ্ট্রকে এগিয়ে নিতে ইতিবাচক ভূমিকা পালন করতে পারেন বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। তিনি বলেন, পেশাদারিত্বই সাংবাদিকতাকে মহান করেছে। তিনি বিভেদ ভুলে সাংবাদিকদের মানবতার কল্যাণে কাজ করে যাওয়ার আহ্বান জানান। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে রাজশাহী বিভাগ সাংবাদিক সমিতির প্রথম বর্ষপূর্তি ও প্রকাশনা উৎসবে প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**১১। শেষ হলো আয়কর মেলা : রেকর্ড ২২১৭ কোটি ৩৩ লাখ টাকা সংগ্রহ**
**আজ 'কর বাহাদুর' সম্মাননা পাচ্ছেন ৮৪ পরিবার**

শেষ হয়েছে সপ্তাহব্যাপী আয়কর মেলা-২০১৭। শেষদিন ঢাকাসহ সারাদেশে ৪৮ স্পটে মেলা অনুষ্ঠিত হয়। এবার আয়কর মেলা থেকে রেকর্ড ২২১৭ কোটি ৩৩ লাখ ১৪ হাজার ২২১ টাকার আয়কর আহরণ করা হয়েছে। যা গত বছরের চেয়ে ৮৭৬ কোটি ৫৩৮ লাখ ৪১০ টাকা বেশি। গতকাল (৭ নভেম্বর মঙ্গলবার) আগারগাঁওয়ে রাজস্ব ভবনে আয়কর মেলা ২০১৭-এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১)।

এছাড়া কর দাতাদের উৎসাহ প্রদানে যাচাই বাছাই শেষে দেশের ৮৪ পরিবারকে কর বাহাদুর পরিবার সম্মাননার জন্য চূড়ান্ত করেছে জাতীয় রাজস্ব বোর্ড এনবিআর। আজ ৮ নভেম্বর বুধবার আনুষ্ঠানিকভাবে রাজধানীর আগারগাঁও নির্মাণাধীন জাতীয় রাজস্ব ভবনে এ সম্মাননা প্রদান করবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.২) **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বিপিএলের ক্রিকেট খেলা নিয়ে জুয়ায় বাধা দেওয়ার ঘটনাকে কেন্দ্র করে রাজধানীর বাড্ডায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী খুন হওয়ায় নিন্দা জানিয়ে এ ঘটনায় জড়িতদের চিহ্নিত করে শাস্তির দাবি।

খ. **জনকণ্ঠ :** শিক্ষা ব্যয়ের নামে শিক্ষা উপকরণ ও কোচিং বাণিজ্য বন্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** বরিশাল নগরের রূপাতলী এলাকায় সড়ক ও জনপথ বিভাগের জায়গায় অবৈধ বাজার ও স্থাপনা উচ্ছেদের পর বারবার বেদখলের ঘটনার কথা উল্লেখ করে দখলদারদের হটাতে সংশ্লিষ্টরা সর্বোচ্চ উদ্বেগ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সংবাদ :** দেশের সরকারি-বেসরকারি **১৩**টি ব্যাংকের খেলাপি ঋণ বেড়েই চলছে উল্লেখ করে ব্যাংক খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে যথাযথ পদক্ষেপ কামনা ।

ঙ. **সমকাল :** বগি সংকট, নিরাপত্তাজনিত সমস্যা, সেবার মান এসব মিলিয়ে মেইল ও লোকাল ট্রেনগুলোর দুরবস্থার চিত্র এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে যাত্রীসেবার মান বাড়াতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** দক্ষিণ এশিয়ার মধ্যে বাংলাদেশের শিশুদের মধ্যে কম ওজনজনিত সমস্যা বিদ্যমান উল্লেখ করে শিশুদের অপুষ্টি দূর করতে সংশ্লিষ্টদের সচেতন হওয়ার আহ্বান।

জ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীতে শব্দদূষণের কারণ হাইড্রোলিক হর্নের ব্যবহার বন্ধে নির্দেশ মানতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ক্ষুধা, দারিদ্র্য, আধিপত্যবাদের প্রভাবমুক্ত বাংলাদেশ গড়তে সব রাজনৈতিক শক্তির ঐক্য ও গণতান্ত্রিক সহাবস্থান নিশ্চিত হওয়ার বিকল্প নেই।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **‘ধূমপানমুক্ত ক্যাম্পাস গড়তে যা প্রয়োজন’** শিরোনামের নিবন্ধে শিক্ষকের সদিচ্ছা ও অনুশাসন শিক্ষাপ্রতিষ্ঠানকে ধূমপানমুক্ত রাখতে পারে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০